# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯০৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯১০]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ২৩: সূরাহ্ ফাতিহায় 'বিসমিল্লা-হ' না পড়া

## ترك قراءة بسم الله الرحمن الرحيم في فاتحة الكتاب

---

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكٍ، عَنِ الْعَلاَءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّهُ سَمِعَ أَبَا السَّائِبِ مَوْلَى هِشَامِ بْنِ زُهْرَةَ يَقُولُ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ صَلَّى صَلاَةً لَمْ يَقْرَأْ فِيهَا بِأُمِّ الْقُرْآنِ فَهِيَ خِدَاجٌ هِيَ خِدَاجٌ هِيَ خِدَاجٌ غَيْرُ تَمَامٍ ، فَقُلْتُ يَا أَبَا هُرَيْرَةَ: إِنِّي أَحْيَانًا أَكُونُ وَرَاءَ الْإِمَامِ فَغَمَزَ ذِرَاعِي وَقَالَ: اقْرَأْ بِهَا يَا فَارِسِيُّ فِي نَفْسِكَ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ: قَسَمْتُ الصَّلاَةَ بَيْنِي وَبَيْنَ عَبْدِي نِصْفَيْنِ فَنِصْفُهَا لِي وَنِصْفُهَا لِعَبْدِي وَلِعَبْدِي مَا سَأَلَ، قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: اقْرَءُوا يَقُولُ الْعَبْدُ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ: حَمِدَنِي عَبْدِي يَقُولُ الْعَبْدُ: الرَّحْمَنِ الرَّحِيمِ يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ أَثْنَى عَلَيَّ عَبْدِي يَقُولُ الْعَبْدُ: مَالِكِ يَوْمِ الدِّينِ يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ مَجَّدَنِي عَبْدِي يَقُولُ الْعَبْدُ إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ فَهَذِهِ الْآيَةُ بَيْنِي وَبَيْنَ عَبْدِي وَلِعَبْدِي مَا سَأَلَ يَقُولُ الْعَبْدُ اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ فَهَؤُلَاءِ لِعَبْدِي وَلِعَبْدِي مَا سَأَلَ .

تخريج دارالدعوه: صحيح مسلم/الصلاة ١١ (٣٩٥)، سنن ابی داود/الصلاة ١٣٥ (٨٢١)، سنن الترمذی/تفسير الفاتحة ٥ (٢٩٥٣)، سنن ابن ماجہ/إقامة ١١ (٨٣٨) (تحفة الأشراف: ١٤٩٣٥)، موطا امام مالک/الصلاة ٩ (٣٩)، مسند احمد ٢/٢٤١، ٢٥٠، ٢٨٥، ٢٨٦، ٢٩٠، ٤٥٧، ٤٦٠، ٤٧٨، ٤٨٧ (صحيح)

## صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 910 ـ صحيح

বাংলা

৯০৯. কুতায়বাহ্ (রহ.) ..... আবূ হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যে ব্যক্তি কোন সালাত আদায় করে আর তাতে সূরা ফাতিহা না পড়ে তা অসম্পূর্ণ, তা অসম্পূর্ণ, পূর্ণ হয় না। তখন আমি বললাম, হে আবূ হুরায়রাহ! অনেক সময় তো ইমামের পেছনে সালাত আদায় করে থাকি? তিনি আমার বাহু টান দিয়ে বললেন, হে পারসিক! তুমি তা মনে মনে পড়বে। কারণ আমি রাসূলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, আল্লাহ তা’আলা বলেন: আমি ও আমার বান্দার মধ্যে সালাত আধাআধি ভাগ করেছি। অতএব, এর অর্ধেক আমার জন্যে আর অর্ধেক আমার বান্দার জন্য। আর আমার বান্দার জন্যে তা-ই রয়েছে। যা সে চায়। রাসূলুল্লাহ (সা.) বলেছেন, তোমরা পাঠ কর বান্দা যখন বলে, “আলহামদু লিল্লা-হি রব্বিল ’আলামীন”, তখন আল্লাহ তা’আলা বলেন, আমার বান্দা আমার প্রশংসা করল। আর যখন বান্দা বলে, “আর রহমা-নির রহীম", তখন আল্লাহ তা’আলা বলেন, আমার বান্দা আমার গুণকীর্তন বর্ণনা করল। আর বান্দা যখন বলে “মা-লিকি ইয়াওমিদ্দীন”, তখন আল্লাহ তা’আলা বলেন, আমার বান্দা আমার মর্যাদা বর্ণনা করল। আর বান্দা যখন বলে, “ইয়্যাকা না’বুদু ওয়া ইয়্যাকা নাস্তা’ঈন”, তখন আল্লাহ তা’আলা বলেন, এ আয়াতটি আমার ও আমার বান্দার মধ্যে। আর আমার বান্দার জন্যে তা-ই রয়েছে, যা সে চায়। বান্দা বলে, “ইহদিনাস সিরাতুল মুস্তাকীম, সিরা-তাল্লাযীনা আন্’আমতা ’আলায়হিম, গয়রিল মাগযূবি ’আলায়হিম ওয়ালায় যো-ল্লীন", (তখন আল্লাহ তা’আলা বলেন) এসবই আমার বান্দার জন্য। আর আমার বান্দার জন্যে তাই রয়েছে যা সে চায়।

## English

23. Not Reciting "In The Name Of Allah, The Most Gracious, The Most Merciful" In Al-Fatihah

Abu As-Sa'ib- the freed slave of Hisham bin Zuhrah-said: I heard Abu Hurairah say: 'The Messenger of Allah (ﷺ) said: Whoever offers a prayer in which he does not recite Umm Al-Quran (Al Fatihah), it is deficient, it is deficient, it is deficient, incomplete. I (Abu As-Sa'ib) said: 'O Abu Hurairah, sometimes I am behind the Imam.' He poked me in the arm and said: 'Recite it to yourself, O Persian! For I heard the Messenger of Allah (ﷺ) say: Allah says: I have divided prayer between Myself and My slave into two halves, and My slave shall have what he has asked for.' The Messenger of Allah (ﷺ) said: Recite, for when the slave says: All the praises and thanks be to Allah, the Lord of all that exists, Allah says: 'My slave has praised Me.' And when he says: The Most Gracious, the Most Merciful, Allah says: 'My slave has extolled Me.' And when he says: The Only Owner (and the Only Ruling Judge) of the Day of Recompense (i.e. the Day of Resurrection), Allah says: 'My slave has glorified Me' . And when he says: You (alone) we worship, and You

(alone) we ask for help (for each and everything), He says: 'This is between Me and My slave, and My slave shall have what he has asked for.' And when he says: 'Guide us to the straight way, the way of those on whom You have bestowed Your grace, not (the way) of those who earned Your anger, nor of those who went astray, He says: 'This is for My slave, and My slave shall have what he asked for.'

## ফুটনোট

সহীহ: মুসলিম ৩৯৫, আবু দাউদ ৮২১, তিরমিযী ২৯৫৩, ইবনু মাজাহ ৮৩৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87283

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন